

কেমন আছেন

পথ চলতিমানুষের জটলার মাঝে  
কখনও থমকে যাই, শুনি চেনা কণ্ঠ  
কেমন আছেন, ভালোতো ?  
মুহূর্তে জবাবটা বেরিয়ে আসে খোলস ছেড়ে  
এই চলছে একরকম।

অক্ষরের পর অক্ষর সাজানো শব্দে নতুনত্ব কিছু নেই  
সেই আদি কাল থেকে শুনে আসা  
বাঁধাগৎটুকু ফুৎকরে উড়ে এসে  
প্রকৃতির রস নিয়মে তলিয়ে যায়।

অনুচচারিত অনেক শব্দকে আড়াল করে  
অজ্ঞানতার গভীর থেকে একলাফে  
হৃৎপিণ্ডের অন্তস্থল দিয়ে উচ্ছিন্ন শব্দসমষ্টি  
ছেঁদে কথা ভিন্ন আর কিছুই নয়।

তবু বলতে হয় বলি, চলছে একরকম  
আশপাশে স্তম্ভিত তলতা গুল্ম  
মান-অভিমান-পুঞ্জীভূত বিক্ষোভ  
হাজার হতাশা নিয়ে জীবনের আবর্ত  
একদিন উড়ে যাবে দিকচত্রবালে,  
সে তো অজানা নয়, চিরন্তন সত্য।  
ভালো আছি থাকবো এটুকু অঙ্গীকার  
নবপ্রজন্মের কাছে সত্য হোক চাই বারবার।

সুবীরচট্টো পাধ্যায়

